দৈনিক ইত্তেফাক

তারিখ 04 AUG 1992
পৃষ্ঠা 7 কলাম 8

128

1/9

মন্ত্রিসভার বৈঠক

# পৃথক প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ স্থাপনের সিদ্ধান্ত

বাসস ।। মন্ত্রিসভা প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ তত্বাবধানে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ নামে একটি নূতন বিভাগ স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। প্রাথমিক ও গণশিক্ষার জন্য একটি পৃথক বিভাগ গঠনের ব্যাপারে ইতিপূর্বে প্রধানমন্ত্রীর ঘোষণার প্রেক্ষিতে গতকাল বঙ্গভবনে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে

( ২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ )

## মন্ত্রিসভার বৈঠক

( ১ম পৃঃ পর )

অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত সাপ্তাহিক বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এই নয়া বিভাগ গঠনের লক্ষ্য হইতেছে সকল পর্যায়ে শিক্ষা বিস্তারের মাধ্যমে অশিক্ষা দূরীকরণে বর্তমান সরকারের প্রতিশ্রুতি পালন।

মন্ত্রিসভা পাট পরিদফতর ও পাটজাত পণ্য পরীক্ষা পরিদফতর দুইটিকে একক প্রতিষ্ঠানে পরিণত করার পাট মন্ত্রণালয়ের প্রস্তাবও অনুমোদন করেন। এই প্রতিষ্ঠানের নাম হইবে পাট অধিদফতর। পাটের আর্থ-সামাজিক গুরুত্বের কথা বিবেচনায় এ প্রতিষ্ঠানকে আরও সক্রিয়, দায়িত্বশীল ও কার্যকর করার লক্ষ্যে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তাহাছাড়া, ইহা এইখাতে উল্লেখযোগ্য পরিমাণে সরকারী ব্যয় হ্রাসে সহায়ক হইবে।

মন্ত্রী ও প্রতিমন্ত্রীগণ বৈঠকে শরীক হন। কেবিনেট সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগ সমূহের সচিবগণ বৈঠকে উপস্থিত ছিলেন।